



## জলঢাকায় ৮০ এবতেদায়ি সমাপনী প্রক্সি পরীক্ষার্থী আটক

প্রকাশিত: ২১ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, নীলফামারী ॥ জেলার জলঢাকা উপজেলায় চলমান পিইসি ও এবতেদায়ি সমাপনী পরীক্ষায় ৮০জন প্রক্সি পরীক্ষার্থীকে বুধবার আটক করেছে দায়িত্বরত কর্মকর্তা। আটককৃতরা উপজেলার চিড়াভিজা গোলনা দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে বিভিন্ন মাদ্রাসার হয়ে এবতেদায়ি সমাপনী পরীক্ষায় অংশ নিয়ে আসছিল।

জানা যায়, বুধবার চতুর্থ দিনের মতো পিইসি সাধারণ বিজ্ঞান ও এবতেদায়ি আরবী বিষয়ে পরীক্ষা চলছিল। পরীক্ষার্থীদের বয়স দেখে সন্দেহ হওয়ায় দায়িত্বরত কর্মকর্তা তাদের প্রবেশপত্র দেখতে থাকেন এবং কৌশলে বিভিন্ন প্রশ্ন করতে করতে এক সময় সত্য উদঘাটন করেন। তারা প্রকৃত পরীক্ষার্থী নয় প্রক্সি দিচ্ছে অন্য পরীক্ষার্থীর। পর্যায়ক্রমে একে একে ৮০ জন বের হয় প্রক্সিদাতা। এ সময় সেখান হতে নয়জন দৌড় দিয়ে পালিয়ে যায়। আটককৃতরা বিভিন্ন মাদ্রাসার হয়ে পরীক্ষায় অংশ নিয়ে আসছিল। উপজেলা শিক্ষা অফিস সূত্র জানায়, উপজেলাটিতে ১৬টি পরীক্ষা কেন্দ্রে প্রাথমিক বিদ্যালয়ের আট হাজার ২৯০ জন ও এবতেদায়ি সমাপনীতে এক হাজার ৪৬৭ জন পরীক্ষায় অংশ নিচ্ছে এবং চিড়াভিজা গোলনা দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১০টি মাদ্রাসা ও ১৮টি স্কুলের মোট পরীক্ষার্থী ৬৯৯ জন। এর মধ্যে কেন্দ্রটিতে ১০টি মাদ্রাসা হতে ১৬২ জন পরীক্ষায় অংশ নিয়েছে। এ বিষয়ে চিড়াভিজা গোলনা দ্বি-মুখী উচ্চ বিদ্যালয় কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক আল হাসান জায়েদ নওরোজী বলেন, ‘তারা বিভিন্ন মাদ্রাসার হয়ে প্রক্সি পরীক্ষা দিয়ে আসছিল। তাদের বহিষ্কার করা হয়েছে।’ বিষয়টি নিয়ে ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী শিক্ষা অফিসার হারুন অর রশিদ বলেন, ‘প্রথম দিন হতেই তাদের দেখে সন্দেহ হয়। প্রক্সি দিচ্ছে আজ ধরা পড়ল। তারা অনেকেই মেধাবী। তাদের মুচলেকা নিয়ে ছেড়ে দেয়া হয়েছে। উল্লেখ্য, পিইসি পরীক্ষার দ্বিতীয় দিন একই উপজেলা কাঠালীর একটি কেন্দ্র হতে আটজন প্রক্সি পরীক্ষার্থীকে বহিষ্কার করে মুচলেকা দিয়ে ছেড়ে দেয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

